## বাংলা প্রথম পত্র
## সৃজনশীল প্রশ্ন

[ ক বিভাগ হতে দুটি, খ বিভাগ হতে দুটি, গ বিভাগ হতে দুটি ও ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

### ক বিভাগ – গদ্য

১. গ্রামীণ পরিবেশে বেড়ে ওঠা সবুজ ও সাকিল সার্বক্ষণিক মোবাইল ফোনে মেতে থাকে। তাছাড়া টেলিভিশনে খেলা দেখাও তাদের অভ্যাসে পরিণত হয়েছে। ঘর থেকে তারা বেরুতেই চায় না। তাদের মা বিলকিস বেগম ছেলেদের ভবিষ্যৎ নিয়ে চিন্তিত। কখনো আদর করে, কখনো-বা রাগ করে মোবাইল ফোনের আসক্তি থেকে তাদের দূরে রাখার চেষ্টা করেন। তিনি বলেন, 'মোবাইল দরকার কিন্তু লেখাপড়া আগে দরকার, বাবা।"

ক. নীলমণি রায় কে?
খ. সর্বজয়ার কথা বন্ধ হওয়ার উপক্রম হলো কেন? বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকের সবুজ ও সাকিলের সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পে অপু-দুর্গার বৈসাদৃশ্য ব্যাখ্যা করো।
ঘ. 'উদ্দীপকের বিলকিস বেগম যেন 'আম-আঁটির ভেঁপু' গল্পের সর্বজয়ার যথার্থ প্রতিনিধি।"- মন্তব্যটি বিশ্লেষণ করো।

২. বিয়ের দশ বছর পর রেবেকার একটি পুত্র সন্তান হয়। অনেক সাধনার পুত্রকে বড়ো করতে গিয়ে তিনি দুধ, ডিম, কলা, মিষ্টি একটার পর একটা জোর করে খাওয়াতে থাকেন। কিন্তু পুত্রের বয়স পাঁচ বছর হলেও সে হাঁটতে পারে না। অস্বাভাবিক মোটা হওয়ায় তাকে ডাক্তারের কাছে নিয়ে গেলে ডাক্তার বলেন, 'বয়স ও রুচি অনুযায়ী যা খেতে চায় এবং যতটুকু খেতে পারে তাই খাওয়াবেন। অতিরিক্ত খাওয়ার কারণে বয়সের তুলনায় মোটা বলে হাঁটা-শিখতে দেরি হচ্ছে।'

ক. শিক্ষক কীসের সন্ধান দিতে পারেন?
খ. পেশাদারদের মহাভ্রান্তি বলতে কী বোঝানো হয়েছে?
গ. উদ্দীপকের রেবেকার মানসিকতায় 'বই পড়া' প্রবন্ধের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো।
ঘ. 'উদ্দীপকের ডাক্তারের বক্তব্যের মধ্যে প্রমথ চৌধুরীর আকাঙ্ক্ষার প্রতিধ্বনি ঘটেছে।'- মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর।

৩. দেশকে এমনভাবে স্বাধীন করব, যাতে দেশের সবাই দরজা খোলা রেখে ঘুমাতে পারে'- এ মূলমন্ত্র নিয়ে মুক্তিযুদ্ধে নেমেছিলেন সাহসী সার্জেন্ট মহি আলম চৌধুরী। তিনি প্রতিটি অপারেশন সম্মুখ থেকে পরিচালনা করতেন। কিন্তু সাধনপুর বোর্ড অফিস মিলিটারি ক্যাম্প অপারেশনের সময় রহস্যজনকভাবে তিনি ধরা পড়েন এবং তাদের নির্মম অত্যাচারে শহিদ হন। এরকম অসংখ্য মহি আলম মিলিটারিদের অত্যাচারে প্রাণ হারান।

ক. 'আলটিমেটাম' কী?
খ. মুক্তিফৌজ। কথাটা এত ভারী কেন? বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকের মিলিটারিদের কর্মকান্ড 'একাত্তরের দিনগুলি' রচনার সাথে কীভাবে সম্পর্কিত? ব্যাখ্যা করো।
ঘ. 'উদ্দীপকের মহি আলম চৌধুরী আর 'একাত্তরের দিনগুলি' রচনার রুমির চেতনা একই সূত্রে গাঁথা।" উক্তিটি বিশ্লেষণ করো।

৪. বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর 'পুরাতন ভৃত্য' কবিতায় পুরাতন ভৃত্য কেষ্টা সম্পর্কে বলেছেন-

(i) তিনখানা দিলে একখানা রাখে, বাকি কোথা নাহি জানে;
একখানা দিলে নিমেষ ফেলিতে তিনখানা করে আনে।
যেখানে-সেখানে দিবসে-দুপুরে নিদ্রাটি আছে সাধা।

(ii) ঘরের কত্রী রুক্ষ মূর্তি বলে, আর পারি নাকো
রহিল তোমার এ ঘর, দুয়ার, কেষ্টারে লয়ে থাকো।

মায়া ছুটে যাই রেগে আনি তার টিকি ধরে;
বলি তারে 'পাজি বের য তুই আজই, দূর করে দিনু তোরে।'

ক. মমতাদির কপালের ক্ষতটা কীসের মতো?

খ. মমতাদির দুচোখ সজল হয়ে উঠল কেন? বুঝিয়ে লেখো।

গ. উদ্দীপকে (ii) এর ঘরের কর্মীর সাথে মমতাদি' গল্পের ছোটো কর্তার মায়ের বৈসাদৃশ্য ব্যাখ্যা করো।

ঘ. 'সাদৃশ্য থাকলেও উদ্দীপক ( i ) এর কেষ্ট 'মমতাদি' গল্পের মমতাদি হয়ে উঠতে পারেনি।" মন্তব্যটি বিশ্লেষণ করো।

## খ বিভাগ – কবিতা

৫. বহুদিন পরে মনে পড়ে আজি পল্লি মায়ের কোল
ঝাউশাখে যেথা বনলতা বাঁধি হরষে খেয়েছি দোল,
স্কুলের ঝাঁটার, আঘাত সইয়া কাঁচা-পাকা কুল খেয়ে
অমৃতের স্বাদ যেন লভিয়াছি গাঁয়ের দুলালী মেয়ে।
পৌষ পার্বণে পিঠা খেতে বসে খুশিতে বিষম খেয়ে
আরও উল্লাদ বাড়িয়াছে মনে মায়ের বকুনি পেয়ে।

ক. মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি কোনটি?

খ. 'আর কি এ যে যবে দেখা?' একথা বলেছেন কেন?

গ. উদ্দীপকের সাথে 'কপোতাক্ষ নদ' কবিতার সাদৃশ্যগত অনুভূতি ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে প্রতিফলিত অনুভূতির অন্তরালে যে ভাবটি প্রকাশ পেয়েছে 'কপোতাক্ষ নদ' কবিতায় কবির মূল চেতনা।"- মন্তব্যটি যথার্থতা নিরূপণ করো।

৬. (i) তোমার ভোগের হ্রাস হয় পাছে ভিক্ষা-মুষ্টি দিলে,
দ্বারী দিয়ে তাই মার দিয়ে তুমি দেবতারে খেদাইলে।

(ii) বন্ধু, তোমার বুকভরা লোভ দু'চোখ স্বার্থ ঠুলি,
নতুবা দেখিতে, তোমারে সেবিতে দেবতা হয়েছে কুলি।
মানুষের বুকে যেটুকু দেবতা বেদনা-মথিত সুধা,
তাই, লুটে তুমি খাবে পশু? তুমি তা দিয়ে মিটাবে ক্ষুধা?

ক. 'ফুকারি' অর্থ কী?

খ. সহসা মন্দির বন্ধ হলো কেন? বুঝিয়ে লেখো।

গ. উদ্দীপক ( i ) 'মানুষ' কবিতার যে বিষয়টির ইঙ্গিত বহন করে তা ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপক (ii) যেন 'মানুষ' কবিতার কবির মূল চেতনাকে ধারণ করেছে।' মূল্যায়ণ করো।

৭. **স্তবক-১:** একবার বিদায় দে মা ঘুরে আসি।
হাসি হাসি পরব ফাঁসি
দেখবে ভারতবাসী।

**স্তবক-২:** হিন্দু মুসলিম দুটি ভাই
ভারতের দুই আঁখি তারা,
এক বাগানের দুটি তরু যেন
দেবদারু আর কদম চারা।

prosnobd.com

ক. 'আলপথ' শব্দটির 'আমার পরিচয়' কবিতায় কী অর্থে ব্যবধৃত হয়েছে?
খ. 'একসাথে আছি, একসাথে বাঁচি'- বলতে কী বোঝানো হয়েছে?
গ. স্তবক-১ 'আমার পরিচয়' কবিতার যে বিষয়টি নির্দেশ করে তা ব্যাখ্যা করো।
ঘ. স্তবক-২ এর চেতনাই যেন বাঙালি জাতির বীজমন্ত্র।' 'আমার পরিচয়' কবিতার আলোকে মন্তব্যটি মূল্যায়ন করো।

## গ বিভাগ - উপন্যাস

৮. **স্তবক-১:** হঠাৎ শুনি গর্জে ওঠে। বন্দুক এবং বোমা
মাকে ডেকে বলল ছেলে/ কাঁপছে আকাশ ও মা।
দেখলেন মা জানালা দিয়ে/ সারা শহর ঢাকা
জ্বলছে এবং পুড়ছে শুধু/ রাস্তাগুলো ফাঁকা।

**স্তবক-২:** মোরা নতুন একটি কবিতা লিখতে যুদ্ধ করি
মোরা নতুন একটি গানের জন্য যুদ্ধ করি
মোরা একখানা ভালো ছবির জন্য যুদ্ধ করি,
মোরা সারা বিশ্বের শান্তি বাঁচাতে আজকে লড়ি।

ক. বুধা কিভাবে গান শেখে?
খ. বুধার বিদেশি মানুষ এবং নিজেদের মানুষ সবার উপর ঘৃণা বাড়তে থাকে কেন? বুঝিয়ে লেখো।
গ. স্তবক-১ এ 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো।
ঘ. "কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা যেন স্তবক-২ এর চেতনাকে ধারণ করেছে।"- মূল্যায়ন করো।

৯. সাভারের রানা প্লাজার ভবন ধসে পড়ে কর্মরত দম্পতি সেলিনা ও রিপন নিষত হয়। কিন্তু বেঁচে যায় বাসায় থাকা সাত বছরের ছেলে রামীম। পিতামাতাহারা ছেলেটিকে বুকে টেনে নেয় বাড়ির মালিক কাদের খানের স্ত্রী মর্জিনা। নিজের ছেলে-মেয়েদের ভবিষ্যতের কথা চিন্তা করে কাদের খান রাজি না হলেও মর্জিনা রামীমকে নিজের সন্তানের মতো স্কুলে দিয়ে লেখাপড়ার ব্যবস্থা করেন।
ক. হরিকাকুর সাথে বুধার কোথায় দেখা হয়?
খ. 'কিন্তু আমরা তিনজন নই, একজন।'- কথাটি বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকের মর্জিনার সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার চাচির বৈসাদৃশ্য ব্যাখ্যা করো।
ঘ. "সাদৃশ্য থাকলেও উদ্দীপকের রামীম 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের যথার্থ প্রতিচ্ছবি হয়ে উঠতে পারেনি।”- মূল্যায়ন করো।

## ঘ বিভাগ – নাটক

১০. বর্ষাকাল, বাড়ির পাশের বিলে আপনমনে মাছ ধরছে জিসান। হঠাৎ সাপে কাটে ও জিসানকে। সঙ্গীরা দেখতে পেয়ে মুড় বাড়িতে নিয়ে আসে, গ্রামের ওঝাকে আনতে লোক • পাঠায়। ওঝা এসে ঝাড়ফুঁক শুরু করে। কিন্তু সময় যত পড়ায় জিসানের অবস্থা তত খারাপ হতে থাকে। লোকমুখে খবর শুনে ছুটে আসে স্বাস্থ্যকর্মী মাহমুদা। জিসানকে দ্রুত সরকারি হাসপাতালে নিতে বলে। ক্ষেপে যায় ওঝা, মাহমুদাকে ভয় দেখায়। মাহমুদা কারো কথা না শুনে জিসানকে হাসপাতালে নিয়ে যায়। জীবন রক্ষা পায় জিসানের।
ক. 'বহিপীর' নাটকটি কত সালে প্রথম পুরস্কার পায়?
খ. 'দুনিয়াটা সত্যি কঠিন পরীক্ষাক্ষেত্র।' বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকে ওঝা চরিত্রটি 'বহিপীর' নাটকের কোন দিকটি ইঙ্গিত করে? ব্যাখ্যা করো।

proshnobd.com

ঘ. উদ্দীপকের মাহমুদা ও 'বহিপীর' নাটকের হাশেম উভয়ের চিন্তা-চেতনা একই ধারায় উৎসারিত।" উক্তিটি মূল্যায়ন কর।

১১. নবম শ্রেণিতে পড়ে গরিব ও মেধাবী ছাত্রী রিমা। খ্যাৎ তার বাবা পাশের গ্রামে এক প্রভাবশালীর ছেলের সাথে তার বিয়ে ঠিক করেন। কিন্তু রিমার স্বপ্ন লেখাপড়া করে অনেক বড়ো হবে। চাচাতো ভাই সৎ-সাহসী রনি বিষয়টি জানতে পেরে প্রতিবাদ করে এবং তাকে পালিয়ে যেতে বলে। কিন্তু রিমা বাবার অপমানের কথা চিন্তা করে না গালিয়ে রনিকে নিয়ে স্কুলের প্রধান শিক্ষকের নিকট যায় এবং ব্যাপারটি খুলে বলে। শিক্ষক তার বাবাকে বুঝিয়ে বললে বাথ্য ভুল বুঝতে পারেন। এখন রিমা তার স্বপ্ন পূরণের লক্ষ্যে মনোযোগ দিয়ে লেখাপড়া চালিয়ে যাচ্ছে।

ক. বহিপীরের মতে পুত্র-কন্যার শিক্ষার্থীক্ষার ভার ঋর উপর?

খ. 'আমি অবাক হচ্ছি তোমার অকৃতজ্ঞতা দেখে'- বুঝিয়ে লেখো।

গ. উদ্দীপকের রনি 'বহিপীর' নাটকের যে চরিত্রের প্রতিনিধিত্ব করে তা ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকের রিমা যেন 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রেরই প্রতিচ্ছবি।"- উক্তিটি মূল্যায়ন করো।

prosnobd.com

সাঙ্গু ১১৫ ৫১৭৪/২০২৪

বহুনির্বাচনি অভীক্ষা
বাংলা প্রথম পত্র
[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]
সময় – ৩০ মিনিট
পূর্ণমান – ৩০

বিষয় কোড : 101
সেট : ঘ

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।**

১। 'আশা' কবিতায় কোথায় মানুষ নির্ভাবনায় ঘুমিয়ে থাকে?
(ক) কান্না-হাসির অন্তরালে
(খ) যেথায় তুচ্ছ নিয়ে তুষ্ট থাকে
(গ) প্রতিবেশীর আঁধার ঘরে
(ঘ) জীর্ণ বেড়ার ঘরে

২। "তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা" কবিতায় কার ফুসফুস এখন পোকার দখলে?
(ক) হরিদাসীর (খ) মতলব মিয়ার
(গ) সগীর আলীর (ঘ) রুস্তম শেখের

৩। উপন্যাসে উপস্থাপিত কাহিনিকে কী বলা হয়?
(ক) আখ্যানভাগ (খ) উপকাহিনি
(গ) ভাষার ভঙ্গি (ঘ) বলার ভঙ্গি

৪। 'এই বলে মোর নাম খ্যাত হোক আমি তোমাদেরই লোক।' – পঙক্তিটির ভাবের সাথে সাদৃশ্যপূর্ণ চরণ কোনটি?
(ক) আমি যে এসেছি জয়বাংলার বজ্রকণ্ঠ থেকে
(খ) সবাই অধীর আগ্রহে প্রতীক্ষা করছে তোমার জন্যে হে স্বাধীনতা
(গ) গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে কবি শোনালেন তার অমর কবিতাখানি
(ঘ) তি খোদার কসম আমি ভিনদেশি পথিক নই

৫। দস্যুর ভয়ের চেয়েও রানার সূর্য উঠাকে বেশি ভয় পায় কেন?
(ক) চাকরি হারানোর জন্য (খ) দায়িত্ববোধের কারণে
(গ) ডাক না পাওয়ার ভয়ে (ঘ) বাড়ি ফেরার তাড়া থাকায়

নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:
রাহেলা বেগম স্বামী ও শাশুড়ির অনেক অত্যাচার সহ্য করে। তবুও সন্তানের টানে এই সংসারে পড়ে আছে।

৬। উদ্দীপকের রাহেলা বেগমের সাথে নিচের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?
(ক) কাঙালির মা (খ) বাড়ির লক্ষ্মী বউটি
(গ) মমতাদি (ঘ) সর্বজয়া

৭। উক্ত সাদৃশ্যের কারণ -
i. অসহায়ত্ব
ii. সংসারের মায়া
iii. দায়িত্ববোধ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৮। 'সাহসী জননী বাংলা' কবিতায় 'তোদের রক্তাক্ত হাত মুচড়ে দিয়েছি নয় মাসে' বলতে কবি কী বুঝিয়েছেন?
(ক) প্রতিশোধ (খ) প্রতিরোধ
(গ) প্রতিহিংসা (ঘ) প্রতিবাদ

৯। 'উপেক্ষিত শক্তির উদবোধন' প্রবন্ধ মতে আজ-আমাদের এত অধঃপতনের কারণ কী?
(ক) ব্যক্তিকে প্রাধান্য দেওয়া
(খ) মেহনতি মানুষদের প্রতি অবহেলা
(গ) স্বপ্নরাজ্যে বিচরণ
(ঘ) গণজাগরণের অভাব

১০। 'ভ্যালা হলো দেখি লেঠা'-এ কথায় মোল্লা সাহেবের চরিত্রের কোন দিকটি প্রকাশ পায়?
(ক) বিরক্তি (খ) ঘৃণা
(গ) নিষ্ঠুরতা (ঘ) অসহযোগিতা

১১। আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোতে বিস্মৃতির অতল গর্ভে তলিয়ে যাচ্ছে কোনটি?
(ক) ছড়া (খ) প্রবাদ
(গ) উপকথা (ঘ) পল্লিগান

১২। 'সে আপনাকে আপনি দেখিতেছে, ভাবিতেছে, প্রশ্ন করিতেছে এবং বুঝিতে পারিতেছে না।'-এর কারণ কী?
(ক) শারীরিক প্রতিবন্ধকতা (খ) নবযৌবনে পদার্পণ
(গ) সুশিক্ষার অভাব (ঘ) আত্মত্মসম্মানবোধের জাগরণ

১৩। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে 'সালেহ আহমেদ' ছদ্ম নামে কে খবর পড়তেন?
(ক) আলমগীর কবির (খ) আলী যাকের
(গ) কামরুল হাসান (ঘ) হাসান ইমাম

১৪। "রুখে দিচ্ছে শত্রুর গতি। বুকের ভেতর ধরে রেখেছে মুক্তিযুদ্ধ।"-উক্তিটিতে প্রকাশ পেয়েছে বুধার-
i. বীরত্ব
ii. সাহস
iii. মুক্তির আকাঙ্ক্ষা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

prashnobd.com

১৫। 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতায় কপালে কব্জিতে লালসালু বেঁধে কে ছুটে এসেছিল?

(ক) করুণ কেরানি (খ) উলঙ্গ কৃষক

(গ) শিশু পাতা-কুড়ানিরা (ঘ) লোহার শ্রমিক

১৬। "মা যদি বলতেন খোকা উঠে আয়-তবে পরদিন থেকে সে আর আসত না"মমতাদির না আসার কারণ হতে পারত

i. চক্ষুলজ্জা

ii. অপমানিত বোধ করা

iii. আত্মসম্মানবোধ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৭। কতসালে সূর্যাস্ত আইন প্রণীত হয়?

(ক) ১৭৯০ সালে (খ) ১৭৯১ সালে

(গ) ১৭৯২ সালে (ঘ) ১৭৯৩ সালে

১৮। 'সেই বাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন'-'বঙ্গবাণী' কবিতায় 'সেই বাক্য' বলতে কী বোঝানো হয়েছে?

(ক) বাংলা ভাষাকে

(খ) সংস্কৃত ভাষাকে

(গ) সকল ভাষাকে

(ঘ) আরবি-ফারসি ভাষাকে

নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:

'বহুদিন পরে মনে পড়ে আজি পল্লিমায়ের কোল ঝাউশাখে যেথা বনলতা বাঁধি হরষে খেয়েছি দোল।'

১৯। উদ্দীপকের কবিতাংশটি তোমার পঠিত কোন কবিতার ভাবকে ধারণ করেছে?

(ক) পল্লিজননী

(খ) কপোতাক্ষ নদ

(গ) সেই-দিন এই মাঠ

(ঘ) আমি কোনো আগন্তুক নই

২০। উক্ত ভাব যে চরণে প্রতিফলিত হয়েছে-

(ক) কোনদিন সে যে মায়েরে না বলে গিয়েছিল দূরবনে

(খ) পৃথিবীর এসব গল্প বেঁচে রবে চিরকাল

(গ) আমি স্বাপ্নিক নিয়মে এখানেই থাকি

(ঘ) কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে

২১। খোদেজার বুক কাঁপে কেন?

(ক) জমিদারি হারানোর ভয়ে

(খ) স্বামীর অসুস্থতার কথা শুনে

(গ) হাশেম তাহেরাকে বিয়ে করতে চায় বলে

(ঘ) তাহেরা পীর সাহেবের মুখের ওপর কথা বলেছে বলে

২২। 'প্রবাস বন্ধু' রচনায় দুম্বার মাংসের গামলায় কোনটিকে লেখকের চোখে অপাক্রেয় মনে হয়েছে?

(ক) আলু (খ) বাদাম (গ) কিসমিস (ঘ) মাংস

২৩। বিরহিনী ডাক ডাকিতেছে বুরি 'কুরি' – বলতে 'পল্লিজননী' কবিতায় কোন পাখির কথা বোঝানো হয়েছে?

(ক) বাদুড় (খ) কানাকুয়ো (গ) ডাহুক (ঘ) হুতুম

২৪। মহাকাব্যের মূল লক্ষ্য কী?

(ক) গল্পবলা (খ) যুদ্ধবিগ্রহের বর্ণনা

(গ) আয়তনের বিশালতার প্রকাশ

(ঘ) অতিশয় দীর্ঘ কবিতা তৈরি

২৫। "আমি কি বকরি-ঈদের গরু-ছাগল নাকি"-তাহেরার এই উক্তিতে কী প্রকাশ পেয়েছে?

(ক) প্রতিবাদ (খ) অসহায়ত্ব

(গ) হতাশা (ঘ) বিরক্তি

২৬। 'আমার পরিচয়' কবিতায় কবি আমাদের প্রত্নতাত্ত্বিক ঐতিহ্যের পরিচয় দিতে কোন অনুষঙ্গটি ব্যবহার করেছেন?

(ক) বরেন্দ্র ভূমের সোনা মসজিদ (খ) পাহাড়পুরের বৌদ্ধবিহার

(গ) জোড়-বাংলার মন্দির-বেদি (ঘ) পালযুগ নামের চিত্রকলা

নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:

ফুলের গন্ধে ঘুম আসে না, তাইতো জেগে রই রাত্রি হলো মাগো আমার কাজলা দিদি কই?

২৭। উদ্দীপকে প্রকাশিত ভাব 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন দিকটিকে তুলে ধরে?

(ক) মানুষের চিরায়ত শৈশব (খ) ভাই-বোনের সম্পর্ক

(গ) গ্রাম বাংলার প্রকৃতি (ঘ) মা-বাবার শাশ্বত রূপ

২৮। উদ্দীপকে 'আম-আঁটির ভেঁপু' গল্পের যে দিকটি অনুপস্থিত

i. দারিদ্র্যের চিত্র

ii. দুরন্তপনা

iii. প্রকৃতি ঘনিষ্ঠতা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯। বুধার মতে রাতের বেলা সেপাইগুলো বাঙ্কারে শুয়ে কী দেখবে?

(ক) গোলাগুলি (খ) শত্রুর গতিবিধি

(গ) আকাশের তারা (ঘ) হাউইবাজি

৩০। "এদের জ্ঞান দাও প্রভু এদের ক্ষমা কর"-এ উক্তিতে হযরত মুহম্মদ (সঃ) এর কোন গুণটি প্রকাশ পেয়েছে?

(ক) সহনশীলতা (খ) উদারতা

(গ) মহানুভবতা (ঘ) বিচক্ষণতা

prosnobd.com